দৈনিক
জনকণ্ঠ

তারিখ 05 OCT 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# মেডিক্যালে ভর্তির ৫ নম্বর কাটা স্থগিত করেছে আপীল বিভাগ

**স্টাফ রিপোর্টার ॥** এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে পাঁচ নম্বর কেটে মেধাতালিকা তৈরির সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত করেছে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ। ফলে ৫ নম্বর কেটে মেধাতালিকা তৈরিতে আইনী কোন বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা।স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের অধীনে মোট ৯টি কাজের পাঁচটি ই-টেন্ডার কার্যক্রমের ওপর হাইকোর্টের দেয়া স্থগিতাদেশ স্থগিত করেছে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন হিসেবে সাবেক তথ্য কমিশনার ও সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিমকে নিয়োগ দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে।

এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে পাঁচ নম্বর কেটে মেধাতালিকা তৈরির সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত করেছে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষে করা এক আবেদনের শুনানি শেষে বুধবার দায়িত্বপ্রাপ্ত প্রধান বিচারপতি আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বে পাঁচ সদস্যের আপীল বিভাগের বেঞ্চ এই আদেশ দেয়। আদালতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষে শুনানিতে অংশ নেন এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম এবং রিটের পক্ষে শুনানিতে উপস্থিত ছিলেন আইনজীবী ইউনূস আলী আকন্দ।

**সাদেকা হালিমের নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে রিট ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন হিসেবে সাবেক তথ্য কমিশনার ও সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিমকে নিয়োগ দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে।

বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সাবেক ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়ার পক্ষে আইনজীবী এ বি এম সিদ্দিকুর রহমান খান এ রিট দায়ের করেন। গত ২৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট অনুষদটির ভারপ্রাপ্ত ডিন হিসেবে অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়ার মেয়াদ শেষ হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩ এর আর্টিক্যাল ২৪ (এল) মোতাবেক ড. সাদেকা হালিমকে এ পদে ভারপ্রাপ্ত হিসেবে নিয়োগ প্রদান করে।

সিন্ডিকেটের ওই সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। গত ৩০ জুন থেকে ছুটিতে যান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। গত ২ জুলাই থেকে ভারপ্রাপ্ত ডিন হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়া।

**স্থগিতাদেশ স্থগিত ॥** স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের অধীনে মোট ৯টি কাজের পাঁচটি ই-টেন্ডার কার্যক্রমের ওপর হাইকোর্টের দেয়া স্থগিতাদেশ স্থগিত করেছে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ। ফলে ই-টেন্ডার কার্যক্রম অব্যাহত রাখতে কোন বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। এক আবেদন শুনানি নিয়ে বুধবার দায়িত্বপ্রাপ্ত প্রধান বিচারপতি আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বে পাঁচ সদস্যের আপীল বিভাগের বেঞ্চ এই আদেশ দেয়। আদালতে আজ আবেদনের পক্ষে শুনানি করেন এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। অপরদিকে রিটকারীর পক্ষে ছিলেন আইনজীবী এ বি এম আলতাফ হোসেন।